# Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 11 May, 2025

নিষিদ্ধ ঘোষিত ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের নেত্রকোণা জেলা শাখার সাধারণ সম্পাদক সোবাইল আহমেদ খান (৩০)-কে গ্রেফতার করেছে থানা পুলিশ।

তিনি নেত্রকোণা পৌরশহরের কাটলী এলাকার বাসিন্দা এবং মৃত শফিকুর রহমান খানের ছেলে।

শনিবার (১০ মে) দিনগত রাত ১২টার দিকে কাটলী এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয় বলে জানিয়েছেন নেত্রকোণা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) কাজী শাহনেওয়াজ।

ওসি জানান, সোবাইল আহমেদ খান নিষিদ্ধ ঘোষিত ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের নেত্রকোণা জেলা শাখার সাধারণ সম্পাদক ছিলেন। তার বিরুদ্ধে থানায় নাশকতাসহ একাধিক মামলা রয়েছে।

গ্রেফতারের পর রোববার (১১ মে) দুপুরে তাকে আদালতে সোপর্দ করা হবে বলেও জানান ওসি।

বাংলাদেশ ছাত্রলীগ পুলিশ নেত্রকোণা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:18

URL: https://www.timestodaybd.com/across-the-country/2279147839